

যুগান্তর

ফুলবাড়ীয়ায় বিনামূল্যের পাঠ্যবই 'স্যার বলেছেন ৬৫০ টাকা না দিলে নতুন বই দেবেন না'

ফুলবাড়ীয়া (ময়মনসিংহ) প্রতিনিধি

তেলিগ্রাম উচ্চ বিদ্যালয়ের শিক্ষার্থীরা বিনামূল্যের পাঠ্যবই টাকা ছাড়া পাচ্ছে না কেউ। সাড়ে ৫শ' থেকে সাড়ে ৬শ' টাকা দিয়ে নতুন বইয়ের গরু নিচ্ছে কোনো কোনো শিক্ষার্থী। অনেক কোমলমতি শিক্ষার্থী ২ থেকে ৩শ' টাকা নিয়ে বই আনতে গেলে শিক্ষকরা টাকা ছুড়ে ফেলে দেয় বলে অভিযোগ রয়েছে। প্রধান শিক্ষক আবতাক হোসেন শিক্ষার্থীদের কাছ থেকে সাড়ে ৫শ' টাকা করে নিয়ে নতুন বই দেয়ার বিষয়টি স্বীকার করেছেন। তবে তিনি দাবি করেন, বইয়ের জন্য টাকা নেয়া হয়নি, বার্ষিক চাঁদার জন্য নেয়া হয়েছে। উপজেলার বালিয়ান ইউনিয়নের তেলিগ্রাম উচ্চ বিদ্যালয়ের শিক্ষার্থীর সংখ্যা প্রায় ৭ শতাধিক। এখনও দুই শতাধিক শিক্ষার্থী নতুন বই পায়নি।

বৃহস্পতিবার বিনামূল্যে বই না পেয়ে অসংখ্য শিক্ষার্থী বাড়ি ফিরে গেছে। মঙ্গলবার বিকালে তেলিগ্রাম উচ্চ বিদ্যালয়ে গিয়ে কথা হয় ৭ম শ্রেণীর ছাত্র ইসাফিল, আবু সাইদ, আবু ফাহিম, মাহমুদুল হাসান, নিশাদ মিয়া ও ফারুক হোসেনের সঙ্গে। তারা বলেন, আশপাশের বিদ্যালয়ে শিক্ষার্থীরা নতুন বই নিয়ে আনতে বাড়ি গিয়ে লোপাড়া করছে। আর আমরা এখনও নতুন বই পাইনি।

নিশাত মিয়া বলেন, সোমবারের দিন বিদ্যালয়ে ৩শ' টাকা নিয়ে গিয়েছিলাম ৭ম শ্রেণীর বই আনতে কিন্তু স্যার বলেছে ৬৫০ টাকার কম আমাকে নতুন বই দিবে না। ৭ম শ্রেণীর আরেক ছাত্র বলে, লিলি ম্যাডামকে ১শ' টাকা দিয়ে বই চাইলে ম্যাডাম টাকা ছুড়ে মারে। ৮ম শ্রেণীর ছাত্র ইমরান হোসেনের অভিভাবক হাবিবুর রহমান বলেন, বিনামূল্যের বই কেন টাকা দিয়ে কিনতে হবে আমাদের? 'এই, অনিয়ম-দুনীতির তদন্ত করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের দাবি জানান তিনি। প্রধান শিক্ষক আফতাব হোসেন সুকৌশলে নতুন বইয়ের জন্য টাকা নেয়ার কথা অস্বীকার করে বলেন, বার্ষিক চাঁদার জন্য সাড়ে ৫শ' করে টাকা নেয়া হচ্ছে। উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা নাসরিন আখতার বলেন, নতুন বই দেয়ার নামে শিক্ষকরা তেলিগ্রাম উচ্চ বিদ্যালয়ের শিক্ষার্থীদের কাছ থেকে টাকা নিচ্ছে বলে শুনেছি। প্রধান শিক্ষকের বক্তব্য মতে বার্ষিক চাঁদা কোনোভাবেই সাড়ে ৫শ' টাকা হতে পারে না, নতুন বই দেয়ার নামে টাকা নিয়ে থাকলে তাদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করা হবে। উপজেলা নির্বাহী কর্মকর্তা লিরা তরফদার বলেন, শিক্ষার্থীদের কাছ থেকে বিনামূল্যের বইয়ের জন্য টাকা নিয়ে থাকলে জড়িতদের বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।